

(মিল) দিনমণি জ্যোতিঃ হারা দিন অন্ধকার,

শুধু হাহাকার ।

বসন্তের অশান্ত হাওয়া বুকে আঘাত হানে ॥

অন্তরা

তাল—ধুনকাওয়ালী

রাগ—দেশ

গুরুচাঁদ রে কোথায় লুকালে ।

তুমি কোথায় লুকালে — তুমি কোথায় লোকালে গো,

কোছায় লুকালে ॥

- ১। এমনি করে ওগো বিধি আমায় ছেড়ে যাবি যদি,
তবে কেন গুণনিধি, সঙ্গে নাহি নিলে (দয়াল রে)
তোমার সাক্ষাৎ পাব কি নাথ, এ জীবন গেলে,
ঘটবে কি কপালে ॥
- ২। দয়া করে একবার এসে, কথা বলো হেসে হেসে,
দাঁড়াও এসে বিনোদ বেশে, তব লীলা স্থলে,
(দয়াস রে)
তোমায় হেরি, আগেই মরি, পড়ি পদতলে,
জয় গুরুচাঁদ বলে ॥
- ৩। গোপাল কাঁদে উচ্চৈশ্বরে, প্রমথচাঁদ এসে ধীরে,
সজল নেত্র মধুর স্বরে, গোপালে সান্ত্বালে, (হায়রে)
ও তাঁর কান্না দেখি, পশু পাখী,ভাসে নয়নজলে,
অধম জগা নয় এ দলে ॥

—জগবন্ধু মিশ্র